

আপীল আবেদন

বরাবর

মো: ফখরুদ্দিন,

পরিচালক

ও

আপীল কর্তৃপক্ষ, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।

১। আপীলকারীর নাম ও ঠিকানা
(যোগাযোগের সহজ মাধ্যমসহ)

ঃ মো: নিয়ামত আলী, গ্রাম: রসুলপুর, ডাকঘর ও থানা:
ঈশ্বরদী সদর, উপজেলা: ঈশ্বরদী, জেলা: পাবনা।
ই-মেইল: mdalibangla007@gmail.com
ফোন: ০১৭১৫ ৩২০০০০

২। আপীলের তারিখ

ঃ ১৫ জুন ২০১২

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে
উহার কপি (যদি থাকে)

ঃ কোন আদেশ প্রদান করা হয়নি।

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে
তাহার নাম সহ আদেশের বিবরণ (যদি থাকে)

ঃ ড: গোলাম হোসেন, প্রধান, প্রশিক্ষণ ও প্রযুক্তি
হস্তান্তর বিভাগ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ
ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ

ঃ আমি বাংলাদেশের একজন নাগরিক হিসেবে “তথ্য
অধিকার আইন ২০০৯” এর ৮(১) ধারার ভিত্তিতে
উল্লিখিত কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে
নিম্নলিখিত বিষয়ের তথ্য পাওয়ার জন্য আবেদন করি:
১. বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী,
পাবনা কর্তৃক গত ১৯ ফেব্রুয়ারী ২০১২ তারিখে দৈনিক
জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির (Ref.
No. BSRI/P-102/Rangpur
Employment/2012/2981) মূলে প্রকল্পের
কনসালটেন্ট নিয়োগের জন্য যে মূল্যায়ন কমিটি গঠন
করা হয়েছে সে সম্পর্কিত দাপ্তরিক আদেশের কপি
পেতে চাই।

১.ক) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে মূল্যায়ন
কমিটির সদস্যদের কাছে কমিটি গঠনের দাপ্তরিক
আদেশের যেসব কপি প্রেরণ করা হয়েছে তা ইস্যু ও
বিতরণের রেকর্ড সংক্রান্ত যে ইস্যু রেজিস্টার ও
পিওন বই আছে তা দেখে প্রয়োজনমতো তথ্যের কপি
পেতে চাই।

১.খ) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সব প্রার্থী
আবেদন করেছে তাদের নামের তালিকা ও
আবেদনকারীদের প্রার্থীত্ব মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন
কমিটি যে নম্বরপত্র (স্কেরশীট) প্রণয়ন করেছে তার
নথিপত্র দেখে প্রয়োজনমতো তথ্যের কপি পেতে
চাই।

১.গ) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে কর্তৃপক্ষ
নিয়োগের লক্ষ্যে যেসব প্রার্থীকে সাক্ষাৎকার
(Interview) এ উপস্থিত হওয়ার জন্য চিঠি ইস্যু
করা হয়েছে সেসব চিঠি প্রেরণ সংক্রান্ত

রেকর্ডপত্র/ইস্যু রেজিস্টার সহ যাবতীয় নথিপত্র দেখে
প্রয়োজনমতো তথ্যের কপি পেতে চাই।

উল্লেখ্য যে, আইনের ৯(১) ধারা অনুযায়ী নির্ধারিত ২০
কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীকে
তথ্য প্রদানে বাধ্য থাকলেও তা করেননি। তাই আপীল
করতে বাধ্য হচ্ছি।

- ৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংশ্লিষ্ট বিবরণ) : প্রযোজ্য নয়।
- ৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি : তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা ও
উপধারা সমূহ
- ৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন : এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আপীলে বর্ণিত আমার
সকল তথ্য সঠিক।
- ৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে : ডাকযোগে প্রেরিত তথ্য প্রাপ্তির আবেদনপত্রের কপি ও
উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন
রসিদ কপি।

আবেদনের তারিখ : ০৯ মে ২০১২

আবেদনকারীর স্বাক্ষর